পবিত্র কুরআন অবমাননার প্রতিবাদে জেলা ইমাম সমিতির সংবাদ সম্মেলন

সুইডেনে পবিত্র কুরআন অবমাননার প্রতিবাদে মেহেরপুর জেলা ইমাম সমিতির সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি রোকনুজ্জামান, সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন, প্রচার সম্পাদক আব্দুল ওহাব ও পৌর ইমাম সমিতির সাংগঠনিক সম্পাদক শাহজাহান ,তথ্য সম্পাদক ইদ্রিস আলী প্রমুখ।

সুইডেনে পবিত্র কুরআন অবমাননাকারীদের বিরুদ্ধে দামুড়হুদায় বিক্ষোভ

দামুড়হুদায় সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতার পক্ষ থেকে সুইডেনে পবিত্র কুরআন অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার জুম্মার নামাজের পরে উপজেলা চৌরাস্তার মোড় থেকে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা সদরে জুম্মার নামাজের পরে সর্বস্তরের মুসলিম তৌহিদী জনতা একত্রে হয়ে পবিত্র কুরআন অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল করে। দামুড়হুদা চৌরাস্তার মোড় থেকে মিছিলটি শুরু হয়ে বাস স্ট্যান্ড প্রদক্ষিণ করে আবার চৌরাস্তা